গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির আগস্ট-২০১৮ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ দেলওয়ার হায়দার<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি।<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | : | ২৯/০৮/২০১৮ খ্রিঃ। |
| সময় | : | ১১:০০ ঘটিকা |
| স্থান | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ২৯/০৭/২০১৮ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জনবল মঞ্জুরি | মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগপূর্বক জনবল মঞ্জুরির কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্নকরণের জন্য নিয়মিত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ২. | নিয়োগবিধি | সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নিয়োগ বিধিমালার বিদ্যমান সমস্যাবলী চিহ্নিত করে পর্যায়ক্রমে সংশোধনের প্রস্তাব প্রেরণ এবং পূর্নাঙ্গ নিয়োগ বিধিমালা সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | এসএসও শাহজাহান শিকদার |
| ৩. | অর্গানোগ্রাম সংশোধন | অধিদপ্তরের অর্গানোগ্রাম হালনাগাদকরণের লক্ষ্যে গঠিত কমিটি অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) মহোদয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (অ্যাম্বুলেন্স) |
| ৪. | অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদান | অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য আইসিটি সেলের সহযোগিতায় ফায়ার লাইসেন্স অনলাইনে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |
| ৫. | অনলাইন সেবা চালুকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য ফায়ার সেফটি প্রশিক্ষণ সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত সময়ের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিএডি (ফায়ার সেফটি সেল) |
| ৬. | ফায়ার লাইসেন্সের সংখ্যা ও মাশুল আদায় বৃদ্ধি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ওয়্যারহাউজ ও ওয়ার্কশপের ফায়ার লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাশুল আদায় বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |
| ৭. | ই-ফাইলিং কার্যক্রম | অধিদপ্তরের সকল শাখায় ই ফাইলিং চালু করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ই ফাইলিং এর লক্ষ্যমাত্রা অর্জন করতে সকলকে আরো সচেষ্ট হতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৮. | অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল নিষ্পত্তিকরণ | দপ্তরসমূহের অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল বিদ্যমান নীতিমালা অনুযায়ী বিআরটিএ-সহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগপূর্বক রিজার্ভ মূল্য নির্ধারণকরতঃ কেন্দ্রীয় স্টোরের সাথে সমন্বয়পূর্বক নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |
| ৯. | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদকরণ | আওতাধীন দপ্তর/স্টেশনের স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট সংস্থায় যোগাযোগপূর্বক নামজারি কার্যক্রমের অবশিষ্ট কার্যক্রম ৩১/১০/২০১৮ এর মধ্যে সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |
| ১০. | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধকরণ | অধিদপ্তরের হিসাব শাখায় যোগাযোগপূর্বক অধিদপ্তরসহ আওতাধীন দপ্তরসমূহের বকেয়া বিদ্যুৎ বিল ২৫/১০/২০১৮ এর মধ্যে পরিশোধকরণ এবং পরিশোধের হালনাগাদ তথ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |

| | | | |
|---|---|---|---|
| ১১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার পরিবীক্ষণ জোরদারকরণ | প্রত্যেক দপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যেসব লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। সে লক্ষ্যে প্রতি মাসে প্রত্যেক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার সার্বিক বিষয় নিয়মিত পরিবীক্ষণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১২. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারনপূর্বক ১০০% বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি পরিকল্পনা ও কোষ |
| ১৩. | কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীন বিভিন্ন প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল; কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি; নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা- ১৯৭৯; সচিবালয় নির্দেশমালা- ২০১৪; তথ্য অধিকার আইন- ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন- ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা-২০১৭ অন্তর্ভুক্ত করে আগামী ২০/০৯/২০১৮ এর মধ্যে ২০১৮-২০১৯ অর্থবছরের প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | এডি (প্রশিক্ষণ) |
| ১৪. | নথির শ্রেণী বিন্যাসকরণ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী ৩০/০৬/২০১৮ এর মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সকল নথির শ্রেণী বিন্যাস করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এডি (প্রশাঃ ও অর্থ) |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ দেলওয়ার হায়দার
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.১৫.১৬৫.১৭- ৭২২৬ (৫৮) তারিখঃ ২৯ আগস্ট, ২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (অপাঃ ও মেইনঃ/ পঃউঃপ্রঃ/ প্রকল্প-২৫/ প্রকল্প-৭৮/ প্রকল্প-১৫৬/ মডার্নাইজেশন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক(প্রশাঃ ও অর্থ/ অপাঃ ও মেইনঃ/পরিঃ ও কোষ/ এ্যাম্বুলেন্স),ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ ক্রয় ও স্টোর/ ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/ অপাঃ ও মেইনঃ/ প্রশিক্ষণ/ উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, -------------------------------------------------- (সকল)।
৮. উপসহকারী পরিচালক (রিফর্ম সেল/ফায়ার সেফটি সেল/ওঃ হাঃ ও প্রিঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা-১/২/৩/৪/৫/৬।
১০. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. আইসিটি সেল, অত্র অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

শামীম আহসান চৌধুরী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\Administration\Jatiyo Shuddhachar Koushol\Suddhachar (Integrity\Resolution).docN.doc